

সিটিজেন চার্টার
(সেবা নির্দেশিকা)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় মুন্সিগঞ্জ সদর

ক্রমিক নং	প্রদত্ত সেবা	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা ও সেবা প্রদানকারী
০১	<p>দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান</p> <p>ক) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ খ) ভ্রাম্যমাণ প্রশিক্ষণ গ) সংগঠন ভিত্তিক প্রশিক্ষণ</p>	ক) উপজেলাধীন যেকোন ইউনিয়ন/গ্রামের ১৮-৩৫ বৎসরের যেকোন যুবক/যুব মহিলা ১-৬ মাস মেয়াদী যেকোন কোর্সে (জেলা অফিসে যে সকল কোর্স পরিচালিত হয়) ভর্তি হতে আগ্রহীদের প্রয়োজনীয় কাগজপত্র সহ উপজেলা কার্যালয়ে আবেদন দাখিল করলে উক্ত আবেদন জেলা কার্যালয়ে অগ্রায়ন করা হয়।	UYDO এবং DD ভর্তির পূর্বে সর্বোচ্চ ২০ দিন এবং কোর্সের মেয়াদ অনুযায়ী
		খ) উপজেলাধীন যেকোন ইউনিয়নের/গ্রামের যেকোন উদ্যোক্তা ব্যক্তি/ সংগঠক / যুব সংগঠকের নেতৃত্বদ্বন্দ্ব এলাকার আগ্রহী ১৮-৩৫ বয়সের ২৫-৪০ জন বেকার যুবক/যুব মহিলার আবেদন উপজেলা কার্যালয়ে জমা দেয়া হলে স্থানীয় স্কুল/কলেজ/কমিউনিটি সেন্টার/ কমিউনিটি ক্লিনিক/ ক্লাব সমিতি ও সংগঠনের কার্যালয়ে কিংবা উপযুক্ত বাড়িতে ৭-২৮ দিন মেয়াদী যেকোন ট্রেডে প্রশিক্ষণ দেয়া যেতে পারে।	CS ও UYDO বাছাই পূর্বে ১০ দিন প্রশিক্ষণ ৭-২৮ দিন
		গ) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের চাহিদা মোতাবেক উপজেলাধীন তালিকাভুক্ত ও নিবন্ধিত যুব সংগঠক বৃন্দকে বাছাই করত বিভিন্ন সামাজিক বিষয়ে ২-১৪ দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণ দেয়া হয়।	উপ-পরিচালক অধ্যক্ষ ও UYDO বাছাই পূর্বে ৩-৫ দিন এবং প্রশিক্ষণের মেয়াদ পর্যন্ত
০২	<p>ক্ষুদ্র ঋণ প্রদান</p> <p>ক) প্রাতিষ্ঠানিক খ) অপ্রাতিষ্ঠানিক</p>	যুব উন্নয়ন অধিদপ্তর হতে ৭-২৮ দিন মেয়াদী ভ্রাম্যমাণ ও ১-৬ মাস মেয়াদী প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণকারী যে কোন যুবক/যুব মহিলা সাদা কগজে UYDO বরাবরে আবেদন করলে উহা CS কর্তৃক জরিপ করতঃ PROJECT VAIBLE হলে ফরম দেয়া হয়। উক্ত ফরম পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দেয়া হলে UYDO এবং প্রয়োজনে DD কর্তৃক বাছাই করে উপজেলা ও জেলা মঞ্জুর কমিটির মাধ্যমে ৪০-৬০ হাজার টাকা অপ্রাতিষ্ঠানিক ও ৬০,০০০-১,০০,০০০ টাকা প্রাতিষ্ঠানিক ঋণ প্রদান করা হয়।	DD,UYDO ও CS সর্বোচ্চ ৩০ দিন
০৩	<p>আত্মকর্মসংস্থানে উদ্ভুদ্ধকরণ ও সহায়তাদান</p>	<p>ক) প্রশিক্ষিত ও অপ্রশিক্ষিত যেকোন যুবক/যুব মহিলাকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে অর্থনৈতিক স্বচ্ছলতা আনয়নের জন্য বিভিন্নভাবে উদ্ভুদ্ধ করা হয়।</p> <p>খ) বিভিন্ন ঋণদানকারী প্রতিষ্ঠান এবং ব্যাংকের মাধ্যমে অত্র দপ্তরের প্রশিক্ষিত যুবদেরকে ঋণ প্রাপ্তিতে সহায়তা করা হয়।</p>	DD,UYDO ও CS অনির্ধারিত
০৪	যুব সংগঠন নিবন্ধীকরণ	উপজেলাধীন যেকোন ইউনিয়ন/গ্রামের ১৮-৩৫ বৎসর বয়সের যুবদের দ্বারা যুব কল্যাণের নিমিত্ত গঠিত ও কমপক্ষে ৬ মাস ব্যাপী পরিচালিত যুব সংগঠন কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন, ৫০০ টাকার ড্রিজারী চালান, কমিটির ৬ মাসের রেজুলেশন, গঠনতন্ত্র, কর্মসূচী, লক্ষ্য ও উদ্দেশ্য, ব্যাংক হিসাব ইত্যাদি প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সাপেক্ষে এবং যাচাই সাপেক্ষে নিবন্ধন সনদপত্র প্রদান করা হয়।	DD,UYDO সর্বোচ্চ ১ মাস
০৫	<p>যুব সংগঠন সমূহে প্রকল্প ভিত্তিক অনুদান প্রদান</p> <p>ক) অনুন্নয়ন খাত খ) যুব কল্যাণ তহবিল</p>	উপজেলাধীন যে কোন যুব সংগঠন নিবন্ধিত মন্ত্রণালয় বা অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে প্রকল্প ভিত্তিক অনুদানের নিমিত্তে আবেদন করতে পারেন। উক্ত আবেদন যাচাই পূর্বক নির্ধারিত কমিটির মাধ্যমে যুব উন্নয়ন ও যুব কল্যাণ তহবিল হতে ৮-২৫ হাজার টাকা পর্যন্ত এক কালীন অনুদান প্রদান করা হয়।	DC, UNO, DD, UYDO ২-৩ মাস
০৬	কর্মশালা ও সেমিনারের মাধ্যমে সামাজিক উন্নয়ন ও সামাজিক সমস্যা সমাধান বিষয়ে যুব ও যুবসংগঠন বৃন্দকে উদ্ভুদ্ধকরণ	সাম্প্রতিক সময়ের যে কোন সামাজিক উন্নয়ন ইস্যু ও সামাজিক সমস্যা, যে কোন দুর্যোগ, বিপর্যয়, মাদকাসক্ত, ইভটিজিং, বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি নিরসন ও প্রতিরোধ বিষয়ে বৎসরে ৫-৭ টি সেমিনার কর্মশালা করতঃ সরকারী বেসরকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি, রাজনীতিবিদ, শিক্ষক ও অন্যান্য অভিজ্ঞ গণ্যমান্য ব্যক্তি বর্গের মাধ্যমে যুব ও যুবসংগঠক বৃন্দকে উদ্ভুদ্ধ করা হয়।	DD,UYDO দিনব্যাপী